পিলখানা থেকে শুরু রাজনৈতিক হত্যার ইতিহাস: জামায়াত আমির



জামায়াত আমির ডা. শফিকুর রহমান। ছবি: সংগৃহীত

পিলখানার ঘটনার মধ্য দিয়ে দেশে খুনের রাজনীতির সূচনা হয়েছিল বলে মন্তব্য করেছেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর আমির ও সংসদের বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান।

শুক্রবার (১৩ মার্চ) রাজধানীর বিজয়নগরে একটি হোটেলে পিলখানা হত্যাকাণ্ড ও জুলাইয়ের অভ্যুত্থানে নিহতদের পরিবারের সম্মানে আয়োজিত ইফতার অনুষ্ঠানে তিনি এই মন্তব্য করেন। ডা. শফিকুর রহমান বলেন, "ঘটনার আসল রহস্য চাপিয়ে রাখতে ভুক্তভোগীদেরকেই দোষী সাব্যস্ত করা হয়েছিল।" তিনি আরও জানান, জামায়াত দায়িত্ব নিলে পিলখানার ঘটনার ন্যায্য বিচার সম্ভব হবে।

ডা. শফিকুর রহমানের মন্তব্য, জনগণ দেশে আর প্রতিহিংসার রাজনীতি দেখতে চায় না এবং জাতির প্রত্যাশা পূরণে জামায়াত দৃঢ় প্রতিশ্রুতিবদ্ধ।

LENS ASIA